



## জুলাই আন্দোলনের হত্যা মামলায় মাইটিভির চেয়ারম্যান নাসির উদ্দিনের ৫ দিনের রিমান্ড



সংগৃহীত ছবি

যাত্রাবাড়ীতে জুলাই আন্দোলনের সময় আসাদুল হক বাবু হত্যা মামলায় মাইটিভির চেয়ারম্যান নাসির উদ্দিন সাথীকে গ্রেফতারের পর আদালত ৫ দিনের রিমান্ডে পাঠিয়েছেন। মামলায় তিনি ২২ নম্বর আসামি এবং তার ছেলে তৌহিদ আফ্রিদি ১১ নম্বর আসামি।

রাজধানীর যাত্রাবাড়ীতে জুলাই আন্দোলনের সময় আসাদুল হক বাবু হত্যার মামলায় মাইটিভির চেয়ারম্যান নাসির উদ্দিন সাথীকে ৫ দিনের রিমান্ড দিয়েছেন আদালত। সোমবার (১৮ আগস্ট) সিআইডির পরিদর্শক খান মো. এরফান ৭ দিনের রিমান্ড আবেদন করলে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত গুনানি শেষে ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

এর আগে রবিবার (১৭ আগস্ট) গুলশান এলাকা থেকে নাসির উদ্দিনকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।

মামলার অভিযোগ অনুযায়ী, গত বছরের ৫ আগস্ট দুপুর আড়াইটায় যাত্রাবাড়ীতে আন্দোলনের সময় আসামিদের গুলিতে মো. আসাদুল হক বাবু আহত হন। পরে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এ ঘটনায় নিহতের বাবা জয়নাল আবেদীন ৩০ আগস্ট যাত্রাবাড়ী থানায় হত্যা মামলা দায়ের করেন। মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ২৫ জনকে আসামি করা হয়। নাসির উদ্দিনকে এজাহারে ২২ নম্বর এবং তার ছেলে তৌহিদ আফ্রিদিকে ১১ নম্বর আসামি করা হয়েছে।